

কারবারের নিরাপত্তা ★ পেশার মর্যাদা ★ আর্থ সামাজিক উন্নয়ন
MIDNAPORE DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. No.- 23219, (03.09.1999)

Affiliated National Fish Workers Forum (NFF)

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেঙুর ইউনিয়ন

দাদনপাত্রবাড় : রামনগর : পূর্ব মেদিনীপুর — ৭২১৪৫৫

ইউনিয়ন কার্যালয় : মাউন্টেন ক্লাবের বিপরীতে, কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মো : ৯৮০০৭৭৭৪৫৮)

প্রতি,
সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক)
কাঁথি মীনভবন, কাঁথি,
পূর্ব মেদিনীপুর



তাং ২৪/০৯/২০১৬

বিষয়ঃ চাঁদার হয়রানির প্রতিকার চেয়ে আবেদন

মহাশয়

আপনার জ্ঞাতার্থে জানাই, উপকূলীয় ক্ষুদ্র মৎস্য ভেঙুররা দীঘা মোহনা, বিভিন্ন খটি ও উপকূলের খাল-বিল থেকে ধরা মাছ নিয়ে স্থানীয় হাটে-বাজারে বিক্রী করে জীবিকা নির্বাহ করেন। এরা কেউ সাইকেলে, কেউ মোটর সাইকেলে, কেউ বা যৌথভাবে ছোট মোটর গাড়িতে মাছ বহন করেন। ফি বছর নানা ধর্মীয় উৎসবে(বিশেষ করে ঈদ-মহরম, বিশ্বকর্মা-দুর্গা-কালী পূজা উপলক্ষে) মৎস্য ভেঙুরদের অমানবিক চাঁদার হয়রানির শিকার হতে হয়। কোথাও উদ্যোক্তারা ৫০০.০০ টাকা থেকে ১০০০.০০ টাকা পর্যন্ত চাঁদা দাবী করে। চাঁদা দিতে না পারলে অকথ্য গালিগালাজ, মাছের ঝুড়ি ধরে টেনে নামানো, দীর্ঘ সময় দাঁড় করিয়ে রেখে মাছ নষ্ট করে দেওয়ার মত ঘটনা আকছার ঘটে থাকে।

আপনার কাছে অনুরোধ, আপনার এলাকায় গরীব মৎস্য ভেঙুরদের অবিভাবক। তাঁদের সুখ-দুঃখের সাথী। দিনের পর দিন চলতে থাকা চাঁদা নামক জুলুমবাজির হাত থেকে রেহাই পেতে আপনার হস্তক্ষেপ জরুরী। আগামী দিনগুলিতে ভেঙুরদের যাতে কোন প্রকার চাঁদার জুলুমের মধ্যে না পড়তে হয় এবং তারা যেন নির্ভয়ে নিশ্চিন্তে জীবিকা নির্বাহ করেন তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ধন্যবাদান্তে—

সুজয় জানা
সহ সভাপতি

অমিত্য প্রামাণিক

অচিন্ত্য প্রামাণিক
সম্পাদক

চিঠির প্রতিলিপি অবগতি ও প্রয়োজনানুযায়ী কাজের জন্য প্রেরণ করা হলঃ

১। উৎপল সর, ডি.ডি.এফ, পশ্চিম মেদিনীপুর।

২। সন্দিপ মণ্ডল, ডি.ডি.এফ, সেক্টর ৫, কলকাতা।

৩। জেলা শাসক, তমলুক, পূর্ব মেদিনীপুর।

RECEIVED
Date: 24/09/16
Midnapore District Coastal Fish Vendors' Union